তারিখ
পৃষ্ঠা ... কলাম

# ঢাকায় জিএসএস স্কুলের ছাত্র-ছাত্রীদের মিছিল সমাবেশ

বাসস ॥ গণস্বাস্থ্য সংস্থা (জিএসএস)-এর বিভিন্ন স্কুলের কয়েকশত ছাত্র-ছাত্রী গতকাল শনিবার সরকারের নিকট তাহাদের শিক্ষার অধিকার নিশ্চিত করার আবেদন জানাইয়াছেন। বিদ্যালয়গুলির শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা নগরীতে মিছিল করিয়া শহীদ মিনারে সমাবেশ করে। ইহাতে হাসিনা হাবিব সভাপতিত্ব করেন। সমাবেশ শেষে প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান করা হয়। বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধি এবং দেশের বিশিষ্ট ব্যক্তিগণ সমাবেশে যোগদান করেন। তাহারা জিএসএস পরিচালিত স্কুলগুলির শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের প্রতি সংহতি প্রকাশ করিয়া বলেন, তাহাদের শিক্ষালাভের ক্ষেত্রে যাহারা বাধার সৃষ্টি করে তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা উচিত।

সমাবেশে অন্যান্যের মধ্যে কলিম শরাফি, অধ্যাপক মুজাফফর আহমদ, আসাদুজ্জামান নূর, সাংবাদিক সন্তোষগুপ্ত উপস্থিত ছিলেন।